রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ /১৬ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৫-আইন/২০১৫/৭২০-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন), অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের টেবিল এর নিম্নে বিধৃত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Heading এবং H.S. Code এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে উক্ত আইনের ধারা ৩১,৩২ ও ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালনের শর্তে, এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

**"টেবিল**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| 15.07<br>15.18 | সংশ্লিষ্ট H.S. Code | পরিশোধিত সয়াবিন তেল |
| 15.11<br>15.18 | সংশ্লিষ্ট H.S. Code | পরিশোধিত পাম অয়েল |

**ব্যাখ্যা:** এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে ব্যবসায়ী পর্যায় বলিতে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২এর দফা (থথথথ) এ সংজ্ঞায়িত 'ব্যবসায়ী' এর কার্যক্রমকে বুঝাইবে।"।

২। উপরি-উক্ত মূল্য সংযোজন কর অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd